সংবাদ।



তারিখ ২২।৭।৮২ … … …
পৃষ্ঠা… … … …কলাম… … …

408

# ছাত্র-ছাত্রীদের মধ্যে এখনো বই বিতরণ করা হয়নি

কক্সবাজার, ১৯শে জুলাই (নিজস্ব সংবাদদাতা)।—উর্ধতন কর্তৃপক্ষের যথাযথ নির্দেশ না পাওয়ার দরুন ১ম শ্রেণীর ছাত্রদের বিনামূল্যে বিতরণের এই মহকুমা কর্তৃপক্ষ বিতরণ করতে পারছেন না। বই মহকুমা শিক্ষা অফিসে পড়ে আছে। অপরদিকে মহকুমার থানা শিক্ষা কর্তৃপক্ষগণ টাকা নিয়েও ছাত্রীদের কাপড় বিতরণ করেননি। এদিকে শিক্ষা বর্ষ অর্ধেক শেষ।

জানা গেছে, বেশ কিছুদিন পূর্বে কক্সবাজার মহকুমা শিক্ষা কর্তৃপক্ষের নিকট উল্লেখযোগ্য সংখ্যক ১ম শ্রেণীর বই এসে পৌঁছেছে বিনা মূল্যে ১ম শ্রেণীর ছাত্রদের মধ্যে বিতরণের জন্য, কিন্তু বইগুলো মহকুমা শিক্ষা অফিসেই পড়ে আছে। বিতরণ করা হয়নি। কারণ মহকুমা কর্তৃপক্ষ নাকি কিভাবে, কাহাকে বইগুলো বিতরণ করবেন তার কোন নির্দেশ পাননি, উর্ধতন কর্তৃপক্ষের নিকট থেকে। এদিকে বই অভাবে ছেলে মেয়েদের পড়াশুনার ক্ষতি হচ্ছে। কারণ অধিক মূল্যে বাজারের বই-এর দোকানগুলো থেকে বই কেনার সাধ্য প্রায় অভিভাবকেরই নেই।

অপরদিকে প্রয়োজনীয় টাকা গ্রহণের পরও থানা শিক্ষা কর্তৃপক্ষসমূহ ছাত্রীদের মধ্যে এখনো কাপড় বিতরণ করেননি। তাঁরা নাকি নির্দেশিত কাপড় না পাওয়ার অজুহাত দেখাচ্ছেন এবং বিতরণ না করার কারণ দর্শাচ্ছেন। উল্লেখ্য যে, এ কাপড় বিতরণ-এর জন্য মহকুমার ৭টি থানায় প্রায় ৩ লাখ টাকা বরাদ্দ দেয়া হয়েছে। কিন্তু এভাবে বিতরণে বিলম্ব ঘটলে টাকা ও বইএর অধিকাংশই লা-পাত্তা হয়ে যাওয়ার সম্ভাবনা রয়েছে এবং অনেক গরীব ছাত্র-ছাত্রী পাওনা থেকে অহেতুক বঞ্চিত হয়ে যাবে।